ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd



স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২৫-৩৬৯৯ .

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ / ০৭ অক্টোবর ২০২৬

বিষয়: ডেঙ্গু প্রতিরোধ, চিকিৎসা ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ

সূত্র: ১। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রশাসন-১ শাখার ০৭.০৯.২০২৬ তারিখের ৫৯.০০.০০০০.০০০.১০৪.৯৯.০০১০.২৬-১১৪৫ সংখ্যক পত্র;
২। স্বাস্থ্য সেবা বিভাগের জনস্বাস্থ্য-১ শাখার ০৭.০৯.২০২৬ তারিখের ৪৫.০০.০০০০.১৭০.৯৯.০০৪.২৪-২০২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সেপ্টেম্বর ও অক্টোবর মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় প্রশাসনিক মন্ত্রণালয়ের সূত্রোস্থ স্মারক পত্রের নির্দেশনাসমূহ সর্বোচ্চ গুরুত্ব ও অগ্রাধিকার দিয়ে যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

সংযুক্ত: বর্ণনামতে- ০৪ (চার)পাতা।

০৭/১০/২৬

(এরশাদ আহমেদ নোমানী)
উপপরিচালক (পার্সোনেল)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন: ৫৫০১২৩৪৩
ইমেইল: ddper@dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২৫-৩৬৯৯/(২৯২০) .

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ / ০৭ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক(সকল).....ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২. পরিচালক (পরিবার পরিকল্পনা), (সকল).....বিভাগ।
৩. পরিচালক, এমএফএসটিসি, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা ।
৫. পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৭. উপপরিচালক (পরিবার পরিকল্পনা), (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল) .....।
৮. অধ্যক্ষ, পরিবার কল্যাণ প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এফ ডব্লিউ টি আই), আজিমপুর, ঢাকা।
৯. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচএফপি)(সকল).....উপজেলা .....জেলা।
১০. সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১২. পরিচালক(প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [পরিচালক(প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৩. অফিস কপি।

০৭.১০.২০২৬

(মো: শহীদুল ইসলাম)
সহকারী পরিচালক (কমন সার্ভিস)
প্রশাসন ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং: ১১৪৮ তারিখ: ০৭/৯/২৬
পেশ করুন/আলোচনা করুন/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত
পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/অর্থ/ডঃ ও সঃ/আইএম/এমআইএস/নিরীক্ষা
এমসিএইচ/টিসিএসডিপি
উপপরিচালক (এইচপি-এফএসডি)/
সিডি (অসঃ প্রঃ সেক্টর এইচপিএনএসপি/ISO & FDMN/ Climate R:
উপপরিচালক (পার্সোনেল/সহকারী পরিচালক (সমন্বয়)/পার-১/ পরি-২/ পাঃ-৩
পেনশন/মনিটরিং/কমন সার্ভিস/পিএ
মহাপরিচালক
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা

ডায়েরী নং: ২৭৪৫ তারিখ: ১০/৯/২৬ খ্রিঃ।
উপ-পরিচালক (পার্সোনেল)/ সহকারী পরিচালক (পার-২/ পার-৩ মনিটরিং/কমন সার্ভিস/পরিবহন/সমন্বয়/পেনশন)/ডি.পি.এম.(এইচআইএম) / কল্যাণ কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা/ অফিস সুপারঃ-১/অফিস সুপারঃ-২/ব্যক্তিগত সহকারী।
পরিচালক (প্রশাসন)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।
স্মারক নং: ৪৫.০০.০০০০.১৭০.১১.০০৪.২৬.২০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ শাখা
www.hsd.gov.bd

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ডেঙ্গু প্রতিরোধ, চিকিৎসা ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা ও প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ড. এম এ মুহিত এমপি-এর সভাপতিত্বে সকল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সকল সিভিল সার্জন, সকল হাসপাতালের তত্ত্বাবধায়ক এবং পরিচালকগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় ডেঙ্গু প্রতিরোধ, রোগীর চিকিৎসা, হাসপাতালের প্রস্তুতি, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় প্রদত্ত নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ জরুরি ভিত্তিতে এবং সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক. সিভিল সার্জন সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সঙ্গে সমন্বয় করে জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা পরিষদ, শিক্ষাপ্রতিষ্ঠান, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করবেন। সভায় জেলার বাস্তবতা ও প্রয়োজন বিবেচনায় নিয়ে সমন্বিত ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতামূলক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

খ. সকল সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে প্রতি শনিবার যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। হাসপাতালের ছাদ, আঙিনা, বারান্দা, ড্রেন, ফুলের টব, পরিত্যক্ত পাত্র এবং পানি জমতে পারে এমন সকল স্থান নিয়মিত পরিদর্শন করে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল ধ্বংস করতে হবে। এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না, তা হাসপাতাল কর্তৃপক্ষকে নিয়মিত পরিদর্শন ও তদারকির মাধ্যমে নিশ্চিত করতে হবে;

গ. হাসপাতালে ভর্তি প্রত্যেক ডেঙ্গু রোগীর জন্য মশারির ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয় সংখ্যক মশারি মজুত না থাকলে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে জরুরি ভিত্তিতে মশারি সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. সম্ভাব্য ডেঙ্গু রোগীর সংখ্যা বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় শয্যা, চিকিৎসক, নার্স, মেডিকেল টিম, ওষুধ, আইভি ফ্লুইড/স্যালাইন, ডেঙ্গু পরীক্ষার কিট, রি-এজেন্ট এবং অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রীর চাহিদা আগাম নিরূপণ করে পর্যাপ্ত মজুত নিশ্চিত করতে হবে। কোনো হাসপাতাল বা স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসাসামগ্রীর সংকট যাতে সৃষ্টি না হয়, সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;

ঙ. ডেঙ্গু রোগীর চিকিৎসায় জাতীয় গাইডলাইন ও প্রচলিত চিকিৎসা প্রটোকল যথাযথভাবে অনুসরণ করতে হবে। জেলা পর্যায়ের মেডিকেল কলেজ ও হাসপাতালের মেডিসিন বিভাগের অধ্যাপক/বিশেষজ্ঞ চিকিৎসকদের সহায়তায় প্রতিটি উপজেলা থেকে অন্তত ১-২ জন চিকিৎসককে দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। পরবর্তীতে প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকদের মাধ্যমে উপজেলা পর্যায়ের অন্যান্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করতে হবে;

চ. চিকিৎসকদের পাশাপাশি ডেঙ্গু রোগী ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণে চিকিৎসাসেবার সঙ্গে সরাসরি সম্পৃক্ত নার্সদের এবং নার্সিং কলেজের অধ্যক্ষদের অন্তর্ভুক্ত করতে হবে;

ছ. ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতামূলক কার্যক্রমে পরিবার পরিকল্পনা বিভাগের মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদেরও সম্পৃক্ত করতে হবে;

জ. জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতে ডেঙ্গু রোগীদের যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। স্থানীয় হাসপাতালগুলোতে মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করে জনগণের আস্থা বৃদ্ধি করতে হবে, যাতে ঢাকার হাসপাতালগুলোর ওপর অতিরিক্ত রোগীর চাপ কমানো সম্ভব হয়;

ঝ. কোনো ডেঙ্গু রোগীর মৃত্যু হলে সংশ্লিষ্ট হাসপাতালে প্রতিটি মৃত্যুর কারণ পর্যালোচনা করতে হবে। রোগ নির্ণয়, চিকিৎসাসেবা প্রদান, রেফারেল, সহবিদ্যমান রোগ এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিশ্লেষণ করে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঞ. ঢাকা ও ঢাকার আশপাশের হাসপাতালসহ যেসব হাসপাতালে অধিকসংখ্যক ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে, সেসব হাসপাতালে নিবিড় পরিদর্শন ও তদারকির ব্যবস্থা করতে হবে। পরিদর্শনকালে হাসপাতালের প্রস্তুতি, চিকিৎসাব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ওষুধ ও চিকিৎসাসামগ্রীর মজুত এবং রোগী ব্যবস্থাপনার সার্বিক অবস্থা যাচাই করতে হবে;

ডায়েরী নং ২৬৬ তারিখ ৯/৯/২৬ খ্রিঃ।
সহকারী পরিচালক (পার-১/পার-২/পার-৩/মনিটরিং/কমন সার্ভিস/পরিবহন/সমন্বয়/পেনশন)/ডি.পি.এম.(এইচআইএম)/ কল্যাণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/অফিস সুপারঃ-১/ অফিস সুপারঃ-২/ব্যক্তিগত সহকারী।
উপপরিচালক (পার্সোনেল)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।

ডায়েরী নং ..... তারিখ ২৪/৯/২৬ খ্রিঃ।
কমন সার্ভিস শাখা/হিসাব শাখা/প্রশাসন শাখা/টেলিফোন শাখা
সহকারী পরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

ট. বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকসমূহকেও ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থাপনার কার্যক্রমের আওতায় আনতে হবে। ডেঙ্গু পরীক্ষা ও চিকিৎসার ক্ষেত্রে সরকার নির্ধারিত ফির অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে কি না, তা নিয়মিত তদারকি করতে হবে। অতিরিক্ত অর্থ আদায়ের কোনো অভিযোগ পাওয়া গেলে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঠ. হাসপাতালগুলোতে রোগী ও তাদের স্বজনদের প্রয়োজনীয় তথ্য ও সহায়তা প্রদানের জন্য বিদ্যমান তথ্য/সহায়তা ডেস্ক কার্যকর রাখতে হবে। ডেঙ্গু পরীক্ষা ও চিকিৎসাসেবা সহজলভ্য করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড. ডেঙ্গু প্রতিরোধবিষয়ক প্রচার-প্রচারণায় মসজিদ, মন্দিরসহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান এবং ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান ও স্থানীয় মসজিদ কমিটির সঙ্গে সমন্বয় করে জুমার খুতবার আগে বা পরে ডেঙ্গু প্রতিরোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং জমে থাকা পানি অপসারণ বিষয়ে জনসচেতনতামূলক বক্তব্য প্রদানের ব্যবস্থা করতে হবে;

ঢ. প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগমাধ্যমে ডেঙ্গু প্রতিরোধবিষয়ক প্রচার-প্রচারণা জোরদার করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্ট থেকেও অনুমোদিত জনসচেতনতামূলক বার্তা প্রচারে উৎসাহিত করতে হবে;

ণ. গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তরের নিকট প্রতি মাসের ১ তারিখ ও ১৫ তারিখে লিখিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২। ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সেপ্টেম্বর ও অক্টোবর মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় উপর্যুক্ত নির্দেশনাসমূহ সর্বোচ্চ গুরুত্ব ও অগ্রাধিকার দিয়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৯/২৬

তানিয়া মুন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫১৫৫৩১
ph1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
২. বিভাগীয় কমিশনার (সকল);
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;
৪. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর;
৫. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর;
৬. মহাপরিচালক, নার্সিং মিডওয়াইফারি অধিদপ্তর;
৭. বিভাগীয় পরিচালক স্বাস্থ্য (সকল);
৮. জেলা প্রশাসক (সকল);
৯. পরিচালক (সকল মেডিকেল হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল);
১০. সিভিল সার্জন (সকল);
১১. তত্ত্বাবধায়ক (সকল ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল/সদর হাসপাতাল);
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সকল উপজেলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব স্থানীয় সরকার বিভাগ;
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য];
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন);
৪. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন);
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য];
৬. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
৭. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ;
৮. যুগ্মসচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ;
৯. অফিস কপি।

০৭/০৯/২৬

তানিয়া মুন
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.০০০.১০৪.৯৯.০০১০.২৬.১১৪৫

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ডেঙ্গু প্রতিরোধ, চিকিৎসা ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা ও প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ড. এম এ মুহিত এমপি-এর সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্মকর্তাদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় ডেঙ্গু প্রতিরোধ, রোগীর চিকিৎসা, হাসপাতালের প্রস্তুতি, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় প্রদত্ত নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ জরুরি ভিত্তিতে এবং সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক. উপপরিচালক (পরিবার পরিকল্পনা) সংশ্লিষ্ট সিভিল সার্জন ও জেলা প্রশাসকের সঙ্গে সমন্বয় করে জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা পরিষদ, শিক্ষাপ্রতিষ্ঠান, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করবেন। সভায় জেলার বাস্তবতা ও প্রয়োজন বিবেচনায় নিয়ে সমন্বিত ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতামূলক কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

খ. স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের পাশাপাশি মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট, ম্যাটস, আইএইচটি, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট (আইসিএমএইচ), জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (এমএফএসটিসি), জেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ২০ শয্যা বিশিষ্ট ইউনিয়ন মা ও শিশু কল্যাণ কেন্দ্রসহ সকল সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রতিষ্ঠানে প্রতি শনিবার যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। সকল প্রতিষ্ঠান ও হাসপাতালের ছাদ, আঙিনা, বারান্দা, ড্রেন, ফুলের টব, পরিত্যক্ত পাত্র এবং পানি জমতে পারে এমন সকল স্থান নিয়মিত পরিদর্শন করে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল ধ্বংস করতে হবে। এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কি না, তা হাসপাতাল সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নিয়মিত পরিদর্শন ও তদারকির মাধ্যমে নিশ্চিত করতে হবে;

গ. হাসপাতালে ভর্তি প্রত্যেক ডেঙ্গু রোগীর জন্য মশারির ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয় সংখ্যক মশারি মজুত না থাকলে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে জরুরি ভিত্তিতে মশারি সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. সম্ভাব্য ডেঙ্গু রোগীর সংখ্যা বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় শয্যা, চিকিৎসক, নার্স, মেডিকেল টিম, ওষুধ, আইভি ফ্লুইড/স্যালাইন, ডেঙ্গু পরীক্ষার কিট, রি-এজেন্ট এবং অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রীর চাহিদা আগাম নিরূপণ করে পর্যাপ্ত মজুত নিশ্চিত করতে হবে। কোনো হাসপাতাল বা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসাসামগ্রীর সংকট যাতে সৃষ্টি না হয়, সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;

ঙ. ডেঙ্গু রোগীর চিকিৎসায় জাতীয় গাইডলাইন ও প্রচলিত চিকিৎসা প্রটোকল যথাযথভাবে অনুসরণ করতে হবে। জেলা পর্যায়ের মেডিকেল কলেজ ও হাসপাতালের মেডিসিন বিভাগের অধ্যাপক/বিশেষজ্ঞ চিকিৎসকদের সহায়তায় প্রতিটি উপজেলা থেকে অন্তত ১-২ জন চিকিৎসককে দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। পরবর্তীতে প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকদের মাধ্যমে উপজেলা পর্যায়ের অন্যান্য চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করতে হবে;

চ. চিকিৎসকদের পাশাপাশি ডেঙ্গু রোগী ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণে চিকিৎসাসেবার সঙ্গে সরাসরি সম্পৃক্ত নার্সদের এবং নার্সিং কলেজের অধ্যক্ষদের অন্তর্ভুক্ত করতে হবে এবং তাদের আওতাধীন প্রতিষ্ঠান ও হোস্টেল কম্পাউন্ড ও তৎসংলগ্ন এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;

ছ. ডেঙ্গু প্রতিরোধ ও জনসচেতনতামূলক কার্যক্রমে পরিবার পরিকল্পনা বিভাগের মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদেরও সম্পৃক্ত করতে হবে;

জ. জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতাল এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কেন্দ্রসমূহে ডেঙ্গু রোগীদের যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। স্থানীয় হাসপাতালগুলোতে মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করে জনগণের আস্থা বৃদ্ধি করতে হবে, যাতে ঢাকার হাসপাতালগুলোর ওপর অতিরিক্ত রোগীর চাপ কমানো সম্ভব হয়;

ঝ. কোনো ডেঙ্গু রোগীর মৃত্যু হলে সংশ্লিষ্ট হাসপাতালে প্রতিটি মৃত্যুর কারণ পর্যালোচনা করতে হবে। রোগ নির্ণয়, চিকিৎসাসেবা প্রদান, রেফারেল, সহবিদ্যমান রোগ এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিশ্লেষণ করে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঞ. ঢাকা ও ঢাকার আশপাশের হাসপাতালসহ যেসব হাসপাতালে অধিকসংখ্যক ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে, সেসব হাসপাতালে নিবিড় পরিদর্শন ও তদারকির ব্যবস্থা করতে হবে। পরিদর্শনকালে হাসপাতালের প্রস্তুতি, চিকিৎসাব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ওষুধ ও চিকিৎসাসামগ্রীর মজুত এবং রোগী ব্যবস্থাপনার সার্বিক অবস্থা যাচাই করতে হবে;

ট. বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকসমূহকেও ডেঙ্গু প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থাপনার কার্যক্রমের আওতায় আনতে হবে। ডেঙ্গু পরীক্ষা ও চিকিৎসার ক্ষেত্রে সরকার নির্ধারিত ফির অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে কি-না, তা নিয়মিত তদারকি করতে হবে। অতিরিক্ত অর্থ আদায়ের কোনো অভিযোগ পাওয়া গেলে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঠ. হাসপাতালগুলোতে রোগী ও তাদের স্বজনদের প্রয়োজনীয় তথ্য ও সহায়তা প্রদানের জন্য বিদ্যমান তথ্য/সহায়তা ডেস্ক কার্যকর রাখতে হবে। ডেঙ্গু পরীক্ষা ও চিকিৎসাসেবা সহজলভ্য করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড. ডেঙ্গু প্রতিরোধবিষয়ক প্রচার-প্রচারণায় মসজিদ, মন্দিরসহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান এবং ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান ও স্থানীয় মসজিদ কমিটির সঙ্গে সমন্বয় করে জুমার খুতবার আগে বা পরে ডেঙ্গু প্রতিরোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং জমে থাকা পানি অপসারণ বিষয়ে জনসচেতনতামূলক বক্তব্য প্রদানের ব্যবস্থা করতে হবে;

ঢ. প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগমাধ্যমে ডেঙ্গু প্রতিরোধবিষয়ক প্রচার-প্রচারণা জোরদার করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্ট থেকেও অনুমোদিত জনসচেতনতামূলক বার্তা প্রচারে উৎসাহিত করতে হবে;

ণ. গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তরের পাশাপাশি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান নিজ নিজ অধিদপ্তর প্রধানের নিকট প্রতি মাসের ১ তারিখ ও ১৫ তারিখে লিখিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২. ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সেপ্টেম্বর ও অক্টোবর মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় উপর্যুক্ত নির্দেশনাসমূহ সর্বোচ্চ গুরুত্ব ও অগ্রাধিকার দিয়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭.০৯.২০২৬

মোঃ হেলাল উদ্দিন ভূঁঞা
সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৪৬২
admin1@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
২. অধ্যক্ষ, [সকল] ..... মেডিকেল কলেজ;
৩. নির্বাহী পরিচালক, শিশু মাতৃ-স্বাস্থ্য ইনস্টিটিউট (আইসিএমএইচ), মাতুয়াইল, ঢাকা;
৪. রেজিস্ট্রার, [সকল] ..... মেডিকেল বিশ্ববিদ্যালয়;
৫. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/এমসিএইচটিআই, লালকুঠি/এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা; এবং
৬. উপপরিচালক (পরিবার পরিকল্পনা), [সকল] .....।

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.০০০.১০৪.৯৯.০০১০.২৬.১১৪৫/১(২০)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ;
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ [দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১ শাখা)];
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৪. বিভাগীয় কমিশনার [সকল].....;
৫. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা) [সকল].....;
৬. অতিরিক্ত সচিব [সকল], স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
৭. যুগ্মসচিব [সকল], স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
৮. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন).....;

১০. পরিচালক, (মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল) [সকল] .....;
১১. জেলা প্রশাসক [সকল].....;
১২. উপসচিব [সকল], স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন).....;
১৪. সিনিয়র সহকারী সচিব [সকল], স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৫. তত্ত্বাবধায়ক, (২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/সদর হাসপাতাল) [সকল] .....;
১৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
১৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
১৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (হোয়াটস অ্যাপ গ্রুপে আপলোডের অনুরোধসহ); এবং
১৯. উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, [সকল] .....;
২০. অফিস কপি।

০২/১০/২০২১

মোঃ হেলাল উদ্দিন ভূঁঞা
সহকারী সচিব